**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৪৯০ এ, তারিখ : ০৫ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ / ২০ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: অডিও-ভিডিও বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইসের মাধ্যমে বিচারপ্রার্থী পক্ষগণ, তাদের আইনজীবী বা সংশ্লিষ্ট অন্য ব্যক্তি বা সাক্ষীগণের ভার্চুয়াল উপস্থিতিতে সাক্ষ্য গ্রহণ ও শুনানীসহ মামলার যে কোন পর্যায়ে অবশ্যকরণীয় ক্ষেত্রে আদালত কর্তৃক অনুসরণীয় 'প্র্যাকটিস নির্দেশনা' প্রসঙ্গে।**

আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (২০২০ সনের ১১ নং আইন) এর ০৫ ধারার ক্ষমতা বলে বাংলাদেশের প্রধান বিচারপতি নিম্নরূপ 'প্র্যাকটিস নির্দেশনা' জারি করলেন :

**১. সংজ্ঞা**

১.১ "অডিও-ভিডিও কনফারেন্স" (Audio-Video Conference) অর্থ আদালত কক্ষ হতে দূরবর্তী কোন স্থানে অবস্থানরত মামলার কোনপক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মামলার সংশ্লিষ্ট কোন ব্যক্তির তথ্য প্রযুক্তি ব্যবহার করে অডিও-ভিজ্যুয়াল এর মাধ্যমে মোকদ্দমায় উপস্থিতি, সাক্ষ্য গ্রহণ ও শুনানীসহ সকল বিচারিক কার্যসমূহ বিচার কার্যক্রমে অংশ গ্রহণ;

১.২ "আদালতপ্রান্ত" (Court Point) অর্থ সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনাল কক্ষ যেখানে বিচারিক কার্যক্রম অনুষ্ঠিত হয়।

১.৩ "দূরবর্তীপ্রান্ত" (Remote Point) অর্থ এমন একটি স্থান যেখানে মোকদ্দমায় কোন পক্ষ, সাক্ষী, আসামী বা আইনজীবী শারিরীক ভাবে উপস্থিত থেকে অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালতের কার্যক্রমে উপস্থিত হতে হয়।

১.৪ "সমন্বয়কারী" (Coordinator) অর্থ দফা ০৪ এর অধীনে সমন্বয়কারী হিসেবে মনোনীত কোন ব্যক্তি।

**২. অডিও-ভিডিও কনফারেন্সিং এর সাধারণ নীতি**

২.১ বিচারিক কার্যক্রম এবং আদালত কর্তৃক পরিচালিত কার্যক্রমের সকল পর্যায়ে অডিও-ভিডিও কনফারেন্সিং ব্যবহার করা যেতে পারে।

২.২ অডিও-ভিডিও কনফারেন্সিং এর জন্য আদালতের ক্ষেত্রে প্রযোজ্য বিধিগুলি সাক্ষ্য রেকর্ড করার নিমিত্ত আদালত কর্তৃক নিযুক্ত কমিশনার এবং অনুসন্ধানকারী বিচারক এর ক্ষেত্রে ও প্রয়োজনীয় অভিযোজন সাপেক্ষে প্রযোজ্য হবে।

## ৩. অডিও-ভিডিও কনফারেন্সিং এর জন্য প্রস্তাবিত সুবিধা

আদালত প্রান্ত এবং দূরবর্তী প্রান্তে অডিও-ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে কার্যক্রম পরিচালনার জন্য নিম্ন লিখিত সরঞ্জামগুলি সুপারিশ করা হয় ঃ

ক. ডেস্কটপ, ল্যাপটপ, ইন্টারনেট সংযোগসহ মোবাইল ডিভাইস এবং প্রিন্টার;

খ.নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার ডিভাইস;

গ. ক্যামেরা;

ঘ. মাইক্রোফোন এবং স্পিকার;

ঙ. প্রদর্শন ইউনিট;

চ. গোপনীয়তা নিশ্চিত করে পর্যাপ্ত বসার ব্যবস্থা;

ছ.পর্যাপ্ত আলো; এবং

জ. একটি শান্ত এবং নিরাপদ স্থানের প্রাপ্যতা

## ৪. প্রস্তুতিমূলক ব্যবস্থা

৪.১ আদালত প্রান্তে একজন এবং দূরবর্তী প্রান্তে একজন সমন্বয়কারী থাকবেন। আদালত প্রান্তে আদালত নিজে অথবা আদালত কর্তৃক মনোনীত একজন সমন্বয়কারী হিসেবে থাকবেন।

৪.২ দূরবর্তী প্রান্তে নিম্নের তালিকা মোতাবেক একজন সমন্বয়কারী হিসেবে থাকতে পারেন ঃ

| দূরবর্তীপ্রান্ত | সমন্বয়কারী |
|---|---|
| দেশের বাইরে | বাংলাদেশী সংশ্লিষ্ট কনস্যুলেট / দূতাবাস / হাই কমিশনের একজন কর্মকর্তা |
| কারাগার | সংশ্লিষ্ট কারাগারের জেল সুপারিনটেনডেন্ট বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| হাসপাতাল | হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনকর্মকর্তা |
| নিরাপদ স্থান (Safe Home), প্রত্যায়িত প্রতিষ্ঠান, শিশু উন্নয়ন কেন্দ্র বা যে কোন প্রতিষ্ঠান যেখানে ‘আইনের সংস্পর্শে আসা শিশু’ বা ‘আইনের সাথে সংঘাতে জড়িত শিশু’ কে রাখা হয় বা হয়েছে | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক বা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা |
| ‘নিরাপত্তামূলক হেফাজত’ যেখানে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ৩১ ধারার অধীনে ট্রাইব্যুনালের নির্দেশে নারী বা শিশু কে রাখা হয় বা হয়েছে | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক বা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা |

| | |
|---|---|
| বাংলাদেশ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস/ জেলা লিগ্যাল এইড অফিস | সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার/ জেলা লিগ্যাল এইড অফিসার |
| ফরেনসিক ল্যাবরেটরী | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মনোনীত কোন কর্মকর্তা |
| অন্য যে কোন স্থান | সংশ্লিষ্ট আদালত কর্তৃক মনোনীত যে কোন ব্যক্তি |

৪.৩ আদালতে ভার্চুয়াল উপস্থিতি প্রয়োজন এমন কোন ব্যক্তি যখন এমন কোন দূরবর্তী প্রান্তে থাকে যেখানে অডিও-ভিডিও কনফারেন্সিং এর সুবিধাগুলি অনুপস্থিত, তখন সংশিষ্ট আদালত দূরবর্তী প্রান্তের স্থানীয় এখতিয়ার সম্পন্ন  জেলা জজ কে আনুষ্ঠানিকভাবে অনুরোধ করবেন নিকটবর্তী এবং উপযুক্ত স্থান থেকে একটি অডিও-ভিডিও কনফারেন্সিং সুবিধা প্রদানের ব্যবস্থা করার জন্য।

৪.৪ আদালত প্রান্ত এবং দূরবর্তী প্রান্ত উভয় প্রান্তের সমন্বয়কারীরা নিশ্চিত করবেন যে অডিও-ভিডিও কনফারেন্সিং এর সময়ে দফা ৩ এ উল্লেখিত সুবিধা সমূহ পাওয়া যাবে।

৪.৫ দূরবর্তী প্রান্তের সমন্বয়কারী নিশ্চিত করবেন যে:

৪.৫.১ কনফারেন্সিং এর জন্য প্রয়োজনীয় সকল ব্যক্তি নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট আগে দূরবর্তী প্রান্তে প্রস্তুত হয়েছে;

৪.৫.২ কোন অননুমোদিত রেকর্ডিং ডিভাইস ব্যবহার করা হচ্ছে না;

৪.৫.৩ অডিও-ভিডিও কনফারেন্স চলাকালীন কোন অননুমোদিত ব্যক্তি কনফারেন্স রুমে প্রবেশ করবে না।

৪.৫.৪ যে ব্যক্তিকে পরীক্ষা করা হচ্ছে তাকে কোন ভাবে প্ররোচিত করা, টিউটর করা, বাধ্য করা হয়নি এবং যে ব্যক্তিকে পরীক্ষা করা হচ্ছে তাঁকে কনফারেন্স চলাকালীন সংশিষ্ট আদালতের অনুমতি ছাড়া কোনো নথি, স্ক্রিপ্ট বা ডিভাইস দেখানো হয়নি।

৪.৫.৫ আদালত অডিও-ভিডিও কনফারেন্সিং এর সময়সূচী নির্ধারণ করে নোটিশ দেবেন এবং উপযুক্ত ক্ষেত্রে দূরবর্তী প্রান্তে রসমন্বয় কারীর অফিসিয়াল ইমেইল একাউন্টে মামলার কাগজ পত্রের প্রয়োজনীয় অংশের স্ক্যানকপি পূর্বেই প্রেরণ করবেন।

## ৫. অডিও-ভিডিও কনফারেন্সিং এর পদ্ধতি

৫.১ মামলা সংশ্লিষ্ট পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এর আবেদনক্রমে বা আদালত স্ব প্রণোদিত হয়ে যেকোন মামলার যেকোন পর্যায়ের কার্যক্রম অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানের নির্দেশ প্রদান করতে পারবেন।

৫.২ এরূপ আবেদন প্রাপ্তি এবং সংশিষ্ট ব্যক্তিদের শুনানির পর, আদালত সিদ্ধান্ত প্রদান করবেন যে, অডিও-ভিডিও কনফারেন্সিং এক্ষেত্রে আবশ্যিক কি না। আবেদন মঞ্জুর করা হলে আদালত অডিও-ভিডিও কনফারেন্স এর সময় সূচী নির্ধারণ করবেন।

৫.৩ অডিও-ভিডিও কনফারেন্সের আবেদনে অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে উপস্থিতি শুনানী অথবা সাক্ষ্য গ্রহণের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ সংশ্লিষ্ট সকল পক্ষের সনাক্তকরণের সুবিধার্থে জাতীয় পরিচয় পত্র নম্বর, টেলিফোন নম্বর, ইমেইল আইডি সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে। জেলহাজতে আটক অভিযুক্ত বা সাক্ষীর ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা যাবে।

৫.৪ আদালত প্রান্তের সমন্বয়কারী অডিও-ভিডিও কনফারেন্সে অংশগ্রহণকারীগণের ইমেইল আইডি/মোবাইল নম্বরের মাধ্যমে মিটিং লিঙ্ক/মিটিং আইডি/পাসওয়ার্ড (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করবেন।

৫.৫ অডিও-ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্য গ্রহণের পূর্বে দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি বা সাক্ষীকে উক্ত স্থান থেকে অডিও-ভিডিও সংযোগের মাধ্যমে আদালত প্রান্তে সংশ্লিষ্ট বিচারক কর্তৃক শপথ পাঠ করাতে হবে।

৫.৬ পরীক্ষা শেষ হলে গৃহীত সাক্ষ্যে আদালত প্রান্তে সংশ্লিষ্ট বিচারক এবং পক্ষগণের প্রতিনিধি (যদি থাকে) দ্বারা স্বাক্ষরিত হবে, এবং এটির স্ক্যানকপি দূরবর্তী প্রান্তে সমন্বয়কারীর অফিসিয়াল ইমেইলে পাঠানো হবে। দূরবর্তী প্রান্তের সমন্বয়কারী গৃহীত সাক্ষ্যের প্রিন্ট আউট নিয়ে তাতে পরীক্ষিত ব্যক্তির স্বাক্ষর নেবেন এবং নিজে স্বাক্ষর করবেন। এরপর এটির স্ক্যানকপি আদালত প্রান্তে ইমেইলের মাধ্যমে প্রেরণ করবেন এবং হার্ডকপি পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট আদালত বরাবরে প্রাপ্তি স্বীকার পত্র সহ রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করবেন।

৫.৭ অডিও-ভিডিও কনফারেন্সিং কার্যক্রম শেষ হলে, আদালত আদেশনামায় কনফারেন্সিং এর সময় ও স্থায়ীত্বকাল উল্লেখ করবেন এবং কনফারেন্সিং এ ব্যবহৃত সফ্‌টওয়্যার/প্লাটফরম এর নাম উল্লেখ করবেন। এছাড়া আদালত কনফারেন্সিং কালে এর অডিও, ভিডিও এবং সংযোগের বিষয়ে তার সন্তুষ্টি আদেশে উল্লেখ করবেন।

৬. বাংলাদেশের প্রধান বিচারপতি কর্তৃক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এই নির্দেশনা কার্যকর থাকবে।

20.08.2020

(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার জেনারেল